খাতওয়ারী অক্টোবর ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী অক্টোবর ২০১৮ মাসে **সর্বমোট ৮৮ কোটি ২৫ লক্ষ ৭৪ হাজার ৪৩৮ টাকা** মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য**। অক্টোবর ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে **সর্বমোট ১১ কোটি ৭৯ লক্ষ ৪৫ হাজার ৮৮৮ টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	অকটেন/ডিজেল/তৈল	১৮০০ লিটার	১,০৮,০০০/০০
২।	বার্থিং হাউজার	১৯৪০ মিটার	২৪,৩৬,০০০/০০
৩।	সোনা	২৬ গ্রাম	৯০,০০০/০০
৪।	মার্বেল	১০০০ পিস	২৫০/০০
৫।	কচ্ছপ	৮৬ টি	১,২৯,০০০/০০
৬।	অন্যান্য (লোহা, মোবাইল, মোবাইল সীম, নগদ টাকা)	-	২,২১,৮০৮/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৪ টি	-
৩।	রামদা/ছুরি/চাপাতি	০৫ টি	-
মৎস্য সম্পদ			
১।	কারেন্ট জাল	১,১৭,৮১,০০০ মিটার	৪১,২৩,৩৫,০০০/০০
২।	বেহুন্দি/মশারি জাল	৩৬১ পিছ	১,৮০,৫০,০০০/০০
৩।	অন্যান্য জাল	৪০,৮৪,৪০০ মিটার	৩১,৫৮,৩৫,৭৫০/০০
৪।	ইলিশ	১৬,৬৯৫ কেজি	১,০৭,৮৫,৩০০/০০
৫।	রেনু পোনা	৫,০০,২০০ পিস	১১,৬০,০০০/০০
৬।	জেলে আটক	৭২৭ জন	-
৭।	বোট	১২৪ টি	৬৪,৬২,৫০০/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	১,৮০,৩০১ পিস	৯,০১,৫০,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	৩৪০ বোতল/ক্যান	২,৭০,০০০/০০
৩।	গাঁজা	৬৫ কেজি	১৩,০০,০০০/০০
৪।	মোবাইল	০২ টি	২০০০/০০
৫।	নগত টাকা	-	৮০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	১৩৯৬ ঘনফুট	১৬,৮৭,৫৩০/০০
পরিবেশে রক্ষা			
১।	তক্ষক	০২ টি	১,৯৫,০০,০০০/০০
আটককৃত বাহন			
১।	বোট/ট্রাক/ভ্যান	০৬ টি	২০,৫০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১৬ জন	-
উদ্ধার অভিযান			
১।	জেলে/যাত্রী উদ্ধার	২৮ জন	
		সর্বমোট	**৮৮,২৫,৭৪,৪৩৮/০০**

৩। **<u>মৎস্য সম্পদ রক্ষা অভিযান</u>**। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে অক্টোবর ২০১৮ মাসে **সর্বমোট ৭৬ কোটি ৪৬ লক্ষ ২৮ হাজার ৫৫০ টাকার** ১,১৭,৮১,০০০ মিটার কারেন্ট জাল, ৪০,৮৪,৪০০ মিটার অন্যান্য জাল, ১৬,৬৯৫ কেজি ইলিশ, ৩৬১ পিছ বেহুন্দি/ মশারি জাল, ৫,০০,২০০ পিস রেনু পোনা, ১২৪টি বোট ও ৭২৭ জন জেলেকে আটক করা হয়।

৪। **<u>রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ</u>**। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে।

৫। **<u>বিশেষ অভিযান</u>**। গত ০২ অক্টোবর ২০১৮ তারিখে বিসিজি আউটপোস্ট মনপুরা গোপন সংবাদের মাধ্যমে ভোলা জেলার মনপুরা থানাধীন ডালচর ও জাগলার চরের মাঝখানে মেঘনা নদীতে অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে ১২ জন ডাকাতসহ ০২ টি দা, ০২ টি ছুরি, ০২ টি লোহার লম্বা রড, ০৪ টি বাশেঁর লম্বা লাঠি, ০১ টি ইঞ্জিন চালিত কাঠের বোট আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ডাকাত ও মালামাল মনপুরা থানায় হস্তান্তর করা হয়।

৬। **<u>ডাকাত বিরোধী অভিযান</u>**।

(ক) গত ১৮ অক্টোবর ২০১৮ তারিখে এইচপিবি গড়াই ও বিসিজি আউটপোস্ট গোপন সংবাদের ভিত্তিতে শ্যামনগর থানাধীন শিরা কটকা এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। উক্ত অভিযানে কোন ডাকাতকে আটক করতে না পারলেও ডাকাত রাসেল বাহিনীর একটি অস্থায়ী ক্যাম্প ধ্বংস করা হয়।

(খ) গত ২৫ অক্টোবর ২০১৮ তারিখে গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, শ্যামনগর থানাধীন চুনকুড়ি খাল একটি ডাকাত দল অবস্থান করছে। উক্ত সংবাদের ভিত্তিতে বিসিজি স্টেশান কৈখালী এর একটি বিশেষ অভিযান দল উক্ত এলাকার উদ্দেশ্যে গমন করে। কোস্ট গার্ড সদস্যদের উপস্থিতি টের পেয়ে ডাকাত দল পালিয়ে যাওয়ার চেষ্টা কালে বনদস্যু মামুন বাহিনীর ০১ জন সদস্যকে আটক করা হয়। পরবর্তীতে আটককৃত ডাকাতকে শ্যামনগর থানায় হস্তান্তর করা হয়।

৭। **<u>অপহৃত জেলে উদ্ধার অভিযান</u>**। গত ২৪ অক্টোবর ২০১৮ আনুমানিক ০৯৩০ ঘটিকায় গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, সুন্দরবন সাতক্ষীরা রেঞ্জের শ্যামনগর থানার অন্তর্গত চুনকুড়ি খাল এলাকায় একদল ডাকাত কিছু জেলেকে জিম্মি করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোনের অধীনস্থ বিসিজি স্টেশান কৈখালীর একটি দল চুনকুড়ি খাল এলাকায় অভিযান পরিচালনা করে। কোস্ট গার্ড এর উপস্থিতি টের পেয়ে ডাকাত দল বোটসহ দ্রুতগতিতে পালানোর চেষ্টা করলে অভিযান দল তাদের ধাওয়া করে এবং ০২ রাউন্ড ব্লাংক কার্টিজ ফায়ার করে। একপর্যায়ে ডাকাত দল বোটটি খালের পাশে ভিড়িয়ে বনের ভিতরে অবস্থান নেয় এবং কোস্ট গার্ডের বোটকে লক্ষ্য করে গোলাবর্ষণ শুরু করে। কোস্ট গার্ড অভিযান দল এর পাল্টা জবাবে ০৭ রাউন্ড তাজা গোলা ফায়ার করে। একপর্যায়ে গোলাবর্ষণ বন্ধ হলে কোস্ট গার্ড অভিযান দল সতর্কতার সাথে ডাকাত দলের বোটের দিকে অগ্রসর হয় এবং একজন জিম্মিকৃত জেলেকে উদ্ধার করে। উক্ত স্থান হতে অভিযান দল ডাকাতদের ফেলে যাওয়া ০৪ টি একনলা বন্দুক (দেশীয় তৈরী) সহ ০১ টি ছুরি, ২০৩ পিস আঁতশবাজি, ০১টি মোবাইল, ১০০০ পিস মার্বেল, ক্যাশ টাকা ৫,৮০৮/০০ উদ্ধার করে এবং পরবর্তীতে শ্যামনগর থানায় হস্তান্তর করে। পরবর্তী দিনে অভিযান দল পুনরায় চুনকুড়ি খালে অভিযান পরিচালনা করে এবং স্থানীয় লোকজনের সহায়তায় মামুন বাহিনীর ০১ জন সক্রিয় ডাকাত সদস্যকে আটক করতে সক্ষম হয় এবং আটককৃত ডাকাত দলের সদস্যকে শ্যামনগর থানায় হস্তান্তর করা হয়। উল্লেখ্য, উক্ত অভিযানে কোস্ট গার্ড সদস্যদের কোন প্রকার ক্ষয়ক্ষতি হয়নি।

৯। **<u>অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান</u>**। অক্টোবর ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।